চ্যান্সেলরের প্রবিধান

শ্রেণি:	**শিক্ষার্থী**	ইস্যুর তারিখ:	1/20/11	নম্বর:	**A-710**
বিষয়:	শিক্ষার্থীর জন্য সেকশন ৫০৪ নীতি ও প্রক্রিয়া			পৃষ্ঠা:	1 of 1

পরিবর্তনের সারাংশ

এটি ২৯ জুন, ২০০৯ তারিখ ইস্যু করা চ্যান্সেলরের প্রবিধান A–710–কে রহিত করে।

পরিবর্তনসমূহ

- এটি হালনাগাদকৃত প্রবিধান চিল্ড্রেন ফার্স্ট নেটওয়ার্কসহ বর্তমান ডিপার্টমেন্ট অব এডুকেশনের কাঠামোর প্রতিফলন ঘটায়। সেকশন ৫০৪ টিম সদস্য, বিশেষ করে হেলথ কনটেন্ট এক্সপার্টদেরকে বর্তমানে বলা হয় নেটওয়ার্ক হেলথ লিয়াজোঁ।
- এই হালনাগাদকৃত প্রবিধান বর্তমান সেন্ট্রাল সেকশন ৫০৪ কোঅর্ডিনেটরের যোগাযোগের তথ্যের প্রতিফলন করে।

সংক্ষিপ্তসার

এই প্রবিধান নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন (ডিওই)-এর স্কুল ও প্রোগ্রামসমূহে অধ্যয়নরত শিক্ষার্থীদের জন্য ১৯৭৩ সালের (২৯ ইউ.এস.সি. ৭৯৪)-এর রিহেবিলিটেশন অ্যাক্ট-এর §504-এর সংজ্ঞা অনুসারে যেসব প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের ডিওই-এর প্রোগ্রামসমূহে অংশগ্রহণে সক্ষম করে তোলার জন্য বাড়তি সুবিধার ব্যবস্থা লাভের প্রয়োজন, তাদের জন্য নিয়মনীতি ঠিক করে দেয়।

ভূমিকা

প্রতি স্কুল বছরে ডিওই §504 অনুসারে যেসব প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদেরকে তাদের অপ্রতিবন্ধী শিক্ষার্থীদের সাথে সমাভিত্তিতে ডিওই-এর প্রোগ্রামসমূহে অংশগ্রহণে সক্ষম করে তোলার জন্য বাড়তি সুবিধার ব্যবস্থা লাভের প্রয়োজন, তাদের সনাক্ত ও মূল্যায়ন করে। এই প্রবিধানের যেমনটি ব্যাখ্যা করা হয়েছে, সে অনুযায়ী যেসব শিক্ষার্থীদের এ ধরনের বাড়তি সুবিধার ব্যবস্থা লাভের প্রয়োজন হতে পারে, তাদেরকে একটি স্কুলভিত্তিক §504 টিম মূল্যায়ন করে, এবং প্রযুক্ত হলে ও পিতামাতাদের অনুমোদন পেলে, একটি লিখিত §504 বাড়তি সুবিধা পরিকল্পনাতে (§504 পরিকল্পনা) দেওয়া সুপারিশ অনুযায়ী বাড়তি সুবিধার ব্যবস্থা দেওয়া হয়।

I. **নীতি প্রচারের ব্যবস্থা**

A. নিউ ইয়র্ক সিটির প্রতিটি পাবলিক স্কুলে ও শিক্ষাগত প্রোগ্রামের দর্শনীয় স্থানে ডিওই-এর "§504 অনুসারে বৈষম্য না করার বিজ্ঞপ্তি" পোস্ট করে দিতে হবে যাতে কর্মচারী, পিতামাতা ও শিক্ষার্থীদের চোখে পড়ে। বিজ্ঞপ্তিটি ডিওই-এর ওয়েবসাইট http://schools.nyc.gov/Offices/Health/SchoolHealthForms/default.htm -এ পোস্ট করা আছে।

B. স্কুলগুলোকে অবশ্যই প্রতি বছর ডিওই-এর নীতির বিজ্ঞপ্তি সকল পাবলিক স্কুল শিক্ষার্থীর পিতামাতাগণকে দিতে হবে। তদুপরি, স্কুলগুলোকে অবশ্যই এ ধরনের বিজ্ঞপ্তি স্কুল বছর চালু থাকাকালে রেজিস্ট্রেশনকারী শিক্ষার্থীদের পিতামাতাদেরকে দিতে হবে।

II. **নীতির বাস্তবায়ন**

এই প্রবিধানের প্রয়োগ নিশ্চিত করার জন্য সেন্ট্রাল ও স্কুল পর্যায়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নির্ধারণ করতে হবে।

A. সেন্ট্রাল §504 কোঅর্ডিনেটরকে আদর্শ প্রক্রিয়া বাৎলে দিতে এবং §504 অধিকারের বিজ্ঞপ্তি, §504 সুপারিশ ও মূল্যায়নের জন্য ব্যবহৃত ফরম জোগান দিতে হবে।

B. প্রত্যেক প্রিন্সিপ্যালকে একজন স্কুলভিত্তিক §504 কোঅর্ডিনেটর নিযুক্ত করতে হবে যিনি স্কুল পর্যায়ে প্রবিধানের বাস্তবায়নের বিষয়টি তত্বাবধান করবেন। স্কুলভিত্তিক কোঅর্ডিনেটরকে একজন শিক্ষাবিদ হতে হবে। স্কুলভিত্তিক কোঅর্ডিনেটরকে §504-এর অধীনে নোটিস অব নন-ডিসক্রিমিনেশন (বৈষম্যহীনতার বিজ্ঞপ্তি) যে সকল পিতামাতাদের মধ্য বিতরণ করা হয়েছে, তা নিশ্চিত করবেন, §504 টিম-এর সভা আহ্বান করবেন, প্রয়োজনীয় বিশেষ সুবিধার ব্যবস্থা করবেন, এবং কোন্ শিক্ষার্থীর §504 পরিকল্পনা বর্তমানে চালু আছে, কোন্ শিক্ষার্থীকে দেয়া হয়েছে, এবং এগুলোর সাথে সংশ্লিষ্ট সকল ঘটনার লিখিত রেকর্ড, কিংবা শিক্ষার্থীর §504 পরিকল্পনা থেকে প্রাপ্ত ফলসহ, এই প্রবিধান বাস্তবায়ন সম্পর্কিত সকল উপাত্ত সংরক্ষণ করবেন।

III. **§504 অনুযায়ী বিশেষ সুবিধা লাভের অনুরোধ**

A. স্কুলের কর্মচারিদের সূচনা করা অনুরোধসমূহ

একজন শিক্ষার্থী প্রতিবন্ধিতাযুক্ত এবং অপ্রতিবন্ধী সহপাঠীদের মতো তার সমানভাবে স্কুলে যাওয়া ও স্কুলের কর্মকাণ্ডে অংশগ্রহণের জন্য §504-এর সংজ্ঞা অনুসারে তার বাড়তি সুবিধা লাভ করা আবশ্যক বলে বিশ্বাস করার যথেষ্ট কারণ থাকলে §504 টিম-এর দ্বারা মূল্যায়নের অনুরোধ জানাবেন। স্কুল-কর্মচারীদের স্থলে পিতামাতাদেরকে §504 -এর অনুরোধ জানাতে স্কুলের কর্মচারীগণ উৎসাহিত করতে পারবেন না। স্কুলের কর্মচারীগণ স্কুলভিত্তিক §504 কোঅর্ডিনেটরের সাথে যোগাযোগ করে একটি অনুরোধ-এর সূচনা করেন। স্কুলভিত্তিক §504 কোঅর্ডিনেটরকে একটি ডিওই নোটিফিকেশন ফরম ব্যবহার করে লিখিতভাবে পিতামাতাদেরকে পাঁচ (৫) স্কুল দিবসের মধ্যে জানাতে হবে। স্কুলের কর্মচারিগণ অনুরোধের সূচনা করলেও একটি মূল্যায়ন করার আগেই পিতামাতা, এবং প্রযোজ্য ক্ষেত্রে স্বাস্থ্যসেবা প্রদানকারীদেরকে অবশ্যই ফরম পূরণ করতে হবে। ফরম পাওয়া যাবে ডিওই-এর ওয়েবসাইট http://schools.nyc.gov/Offices/Health/SchoolHealthForms/default.htm-এ।

যদি পিতামাতা বাড়তি সুবিধা পাওয়ার ফরম পূরণ না করেন বা কোন বাড়তি সুবিধা পাওয়ার বিষয়টি বিবেচনার জন্য সম্মতি না দেন, স্কুলের পক্ষ থেকে কোন কিছু করতে হবে না। সম্মতিদানে ব্যর্থতার রেকর্ড রাখতে হবে।

B. পিতামাতাদের সূচনা করা অনুরোধ

পিতামাতাদের §504 বাড়তি অনুরোধ অবশ্যই ডিওই অনুমোদিত ফরম ব্যবহার করে ও প্রয়োজন হলে শিক্ষার্থীর চিকিৎসকের কাছ থেকে সহায়ক কাগজপত্রসহ লিখিতভাবে §504 কোঅর্ডিনেটরের কাছে জমা দিতে হবে। রিকোয়েস্ট ফরম (অনুরোধপত্র) পাওয়া যাবে স্কুলভিত্তিক কোঅর্ডিনেটর বা ডিওই-এর ওয়েবসাইট থেকে।

IV. §504 মূল্যায়ন প্রক্রিয়া

A. স্কুলভিত্তিক টিম-এর গঠন

1. স্কুলভিত্তিক স্কুলভিত্তিক §504 কোঅর্ডিনেটরকে §504 টিম-এর গঠনকাঠামো নিশ্চিত করতে হবে। শিক্ষার্থীর পিতামাতা ও কমপক্ষে ই (২) জন পিতামাতা ব্যতীত অন্য ব্যক্তি §504 টিম-এ থাকবেন, যার অন্তর্ভুক্ত হতে পারেন:
   - কমপক্ষে একজনকে হতে হবে সন্তানের সক্ষমতা সম্পর্কে ওয়াকেবহাল;
   - বিশেষ সুবিধার অনুরোধের সাথে সংশ্লিষ্ট পিতামাতা বা স্কুলের জমা দেওয়া সকল প্রতিবেদন ও মূল্যায়ন ব্যাখ্যা করতে সক্ষম, এমন একজন ব্যক্তি; এবং
   - কমপক্ষে একজন ব্যক্তিকে হতে হবে শিক্ষার্থীর প্রয়োজন পূরণে যে বাড়তি সুবিধাটি পাওয়া যাবে, সে সম্পর্কে ওয়াকেবহাল।

2. শিক্ষার্থীর ব্যক্তিগত চাহিদা যা মূল্যায়ন করা হবে তার ভিত্তিতে টিম সদস্যপদ নির্ধারিত হবে এবং সকল শিক্ষার্থীর মূল্যায়নে একই ধরনের পূর্ব-নির্ধারিত একত্রিত দলে তা নাও গঠিত হতে পারে। যেহেতু পিতামাতা ব্যতীত কমপক্ষে আরও দুজন বাড়তি সদস্য নিয়ে দলটি গঠিত, উপরে উল্লিখিত শর্তপূরণ হতে পারে, যথাযথ হলে, এই দুজন সদস্য কর্তৃক। উপযুক্ত ক্ষেত্রে, যেখানে বাড়তি সহায়-সংস্থান বিবেচিত হচ্ছে তা সহ, একজন সদস্য হিশেবে §৫০৪ টিমে নেটওয়ার্ক স্বাস্থ্য লিয়াজোঁ অন্তর্ভুক্ত হতে পারেন।

3. যতটা সম্ভব, স্কুলে আছে এমন ব্যক্তিগণের §৫০৪ টিম সদস্যপদে যোগদান করা উচিত। উপযুক্ত ব্যক্তিদের উদাহরণের অন্তর্ভুক্ত, কিন্তু এর মধ্যেই সীমিত নয়, ক্লাসরুম শিক্ষক, স্কুল মনোবিদ, এবং নার্সিং কর্মী। স্কুল-ভিত্তিক ব্যক্তিগণকে যদি পাওয়া না যায় অথবা তারা যদি টিমে কাজ করার যোগ্য না হন, অথবা যদি বাড়তি সংস্থানের প্রয়োজন পড়ে, স্কুল-ভিত্তিক §৫০৪ কোঅর্ডিনেটর নেটওয়ার্ক স্বাস্থ্য লিঁয়াজোর কাছে সহায়তা কামনা করবেন যাতে শিক্ষার্থীর ব্যক্তিগত চাহিদা অনুযায়ী, অন্য ব্যক্তিবর্গের অংশগ্রহণের ব্যবস্থা করা যায়। এই সকল ব্যক্তিদের অন্তর্ভুক্ত হতে পারেন, কিন্তু এতেই সীমাবদ্ধ নয়, স্বাস্থ্য পেশাজীবীগণ, শিক্ষানির্দেশনা বিষয়ে বিশেষজ্ঞ, এবং প্রশাসনিক ব্যক্তিবর্গ।

4. §৫০৪ টিমে অংশগ্রহণকারী ব্যক্তিগণ সভায় উপস্থিত থেকে অথবা বিকল্প উপায়ে যেমন ফোন কনফারেন্সের মাধ্যমে সভায় অংশগ্রহণ করতে পারেন। সজ্ঞাত মূল্যায়নের জন্য প্রত্যেক অংশগ্রহণকারীকে অবশ্যই প্রয়োজনীয় কাগজপত্র প্রদান করা হবে।

5. স্কুল যদি সভার বিষয়ে পিতামাতাকে যুক্তিসঙ্গত নোটিশ প্রদান করে এবং পিতামাতা যদি সভায় যোগ না দেয় অথবা যোগদানে অস্বীকৃতি জানায়, শিক্ষার্থীর পিতামাতার অংশগ্রহণ অথবা উপস্থিতি ছাড়া বিশেষ সুবিধার রেফারাল, মূল্যায়ন, এবং শনাক্তকরণ বিষয়ে §৫০৪ টিম সভায় মিলিত হতে পারে এবং সিদ্ধান্ত নিতে পারে। §৫০৪ কোঅর্ডিনেটর অবশ্যই পিতমাতার কাছে পাঠানো নোটিশের একটি রেকর্ড সংরক্ষণ করবেন এবং পারস্পরিকভাবে সম্মত একটি সুবিধাজনক সময় এবং স্থানে পিতামাতার অংশগ্রহণের ব্যবস্থার জন্য চেষ্টা চালাবেন। পিতামাতাকে বাদ দিয়ে সভা করার আগে কমপক্ষে এমন দুটি (২) প্রচেষ্টার কথা নথিভুক্ত থাকতে হবে।

B. §৫০৪ টিমের মূল্যায়ন সভা

1. সভার সময়রেখা

   স্কুল-ভিত্তিক §৫০৪ কোঅর্ডিনেটর §৫০৪ বিশেষ সুবিধার জন্য অথবা কোন শিক্ষার্থীর §৫০৪ পরিকল্পনায় পরিবর্তনের জন্য প্রাথমিক লিখিত অনুরোধ পাবার ত্রিশ (৩০) স্কুল দিবসের মধ্যে §৫০৪ মূল্যায়ন সভার সময়সূচি তৈরি করবেন।

2. পিতামাতার কাছে সভার নোটিশ

§৫০৪ টিম সভার উদ্দেশ্য, তারিখ, সময়, এবং স্থান লিখিতভাবে পিতামাতাকে জানানো হবে। কমপক্ষে সভার পাঁচ (৫) দিন আগে এমন নোটিশ দেয় হয়।

3. টিমের বিবেচনার বিষয়সমূহ

§৫০৪ টিম শিক্ষার্থীর পিতামাতা কর্তৃক প্রদত্ত যেকোন রিপোর্ট, মূল্যায়ন অথবা রোগ-নির্ণয় সংক্রান্ত তথ্যের পাশাপাশি শিক্ষার্থীর গ্রেড, শৃঙ্খলা-সংক্রান্ত রেফারাল, স্বাস্থ্য সম্পর্কিত তথ্য, ভাষা সমীক্ষা, পিতামতা তথ্য, প্রমিত পরীক্ষার ফল, এবং শিক্ষকের অভিমতসহ লভ্য সকল প্রাসঙ্গিক তথ্য বিবেচনা করবে।

C. যোগ্যতা নির্ধারণ

শিক্ষার্থীর তার অপ্রতিবন্ধী সতীর্থদের সাথে সমানভাবে স্কুলে পড়তে এবং স্কুলের কর্মকা-ে অংশগ্রহণ করতে বিশেষ সুবিধার চাহিদা আছে কিনা তা নির্ধারণের আগে ১৯৭৩ সালের পুনর্বাসন আইনের সেকশন §৫০৪ অনুযায়ী শিক্ষার্থী প্রতিবন্ধী ব্যক্তি হিশেবে যোগ্য কিনা টিম প্রথমেই তা নির্ধারণ করবে।

1. §৫০৪ অনুযায়ী একজন প্রতিবন্ধী শিক্ষার্থী যোগ্য বলে বিবেচিত হবে *শুধুমাত্র যদি*:

- শিক্ষার্থীর শারীরিক অথবা মানসিক বৈকল্য থাকে যা উল্লেখযোগ্যভাবে তার এক বা একাধিক প্রধান জীবন কর্মকা-কে সীমিত করে।

2. নিচে বর্ণিত তিন-ধাপ প্রক্রিয়া অনুযায়ী শিক্ষার্থী প্রতিবন্ধী একজন যোগ্য শিক্ষার্থী কিনা সে বিষয়টি যাচাই করতে §৫০৪ টিম এই প্রবিধানের পরিশিষ্ট অ-এর সহায়তা নেবে।

a. প্রথম ধাপ - শিক্ষার্থীর কি শারীরিক অথবা মানসিক বৈকল্য আছে?

কোন শিক্ষার্থীর যদি শারীরিক বা মানসিক বৈকল্য না থাকে, তাহলে সে §৫০৪ পরিকল্পনার মাধ্যমে বিশেষ সুবিধা পাবার যোগ্য নয়।

b. দ্বিতীয় ধাপ -শারীরিক অথবা মানসিক বৈকল্যের কারণে তার প্রধান কোন জীবন কর্মকাণ্ড কি ব্যাহত?

কোন শিক্ষার্থীর শারীরিক অথবা মানসিক বৈকল্য যদি তার প্রধান জীবন কর্মকাণ্ডকে উল্লেখযোগ্যভাবে ব্যাহত না করে, সে §৫০৪ পরিকল্পনার মাধ্যমে বিশেষ সুবিধা পাবার যোগ্য নয়।

c. তৃতীয় ধাপ – প্রধান জীবন কর্মকাণ্ড কি উল্লেখযোগ্যভাবে ব্যাহত?

সক্রিয় থাকাকালে, শিক্ষার্থীর অবস্থা শিক্ষার্থীর কর্মকাণ্ডকে উল্লেখযোগ্যভাবে ব্যাহত করে কিনা তা §৫০৪ টিম খতিয়ে দেখবে। স্বল্প-মেয়াদী অবস্থাসমূহ (যেমন ঠাণ্ডা এবং ফ্লু) বিবেচনা করা হবে না।

3. এই ফেডারেল আইন বিষয়ে নির্দেশনার জন্য §৫০৪ টিমের সেন্ট্রাল §৫০৪ কোঅর্ডিনেটর অথবা তাদের সিনিয়র কাউন্সেলের সাথে যোগাযোগ করা উচিত।

V. <u>বিশেষ সুবিধার পরিকল্পনা</u>

যদি §৫০৪ টিম নির্ধারণ করে যে, শিক্ষার্থীর এমন কোন শারীরিক অথবা মানসিক বৈকল্য আছে যা উল্লেখযোগ্যভাবে তার প্রধান একটি জীবন কর্মকা-কে ব্যাহত করে, তাহলে পরবর্তীতে টিম সিদ্ধান্ত নেবে শিক্ষার্থীর তার অপ্রতিবন্ধী সতীর্থদের সাথে সমানভাবে অংশগ্রহণের জন্য কী, যদি কিছু থাকে, বিশেষ সুবিধা প্রয়োজন।

A. বিশেষ সুবিধার পরিকল্পনা

যদি §৫০৪ টিম নির্ধারণ করে যে বিশেষ সুবিধা আবশ্যিক, তাহলে টিম শিক্ষার্থীর জন্য §৫০৪ পরিকল্পনার একটি খসড়া তৈরি করবে। §৫০৪ টিমে অংশগ্রহণকারীদের নাম এবং পদবী , সিদ্ধান্তে পৌঁছুতে যেবিষয়সমূহ বিবেচনা করা হয়েছে, শিক্ষার্থীকে যেসকল বিশেষ সুবিধা প্রদান করা হবে সেগুলি পরিকল্পনায় উল্লিখিত থাকবে। ডিওই-এর ওয়েবসাইটে মানসম্পন্ন §৫০৪ বিশেষ সুবিধা পরিকল্পনার একটি কপি আপনি দেখতে পারেন।

B. বিশেষ সুবিধার ধরন

1. <u>পরীক্ষায় বিশেষ সুবিধা</u> (জরুরি পরিস্থিতির বিশেষ সুবিধা এর অন্তর্ভুক্ত)

বিশেষ সুবিধার অনুরোধ যা পরীক্ষায় বিশেষ সুবিধার জন্য করা হয় সেগুলি অ্যাকাডেমিক বছরের শুরুতে অথবা এমন কোন পরিস্থিতির উদ্ভব হলে যা এই ধরনের অনুরোধের কারণ সেটি পরিস্থিতি হবার সাথে সাথে যথাশীঘ্র করতে হবে। পরীক্ষায় বিশেষ সুবিধার অনুরোধ স্টেট অথবা সিটিওয়াইড পরীক্ষার অব্যবহিত আগে, জরুরি অবস্থা ছাড়া, করা যাবে না। সিটিওয়াইড পরীক্ষার জন্য স্টেট যে বিশেষ সুবিধার অনুমোদন দেয় নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশনও শুধু সেই একই ধরনের বিশেষ

সুবিধার সুযোগ দেয়।

পরীক্ষায় বিশেষ সুবিধার যোগ্যতা নিউ ইয়র্ক স্টেট কমিশনার অব এডুকেশন এবং ডিওই কর্তৃক প্রতিষ্ঠিত প্রক্রিয়া অনুসারে পরীক্ষার বিষয় এবং কর্মসূচির সমন্বয় রক্ষায় প্রয়োজনীয় মানের উপর নির্ভরশীল। উদাহরণ স্বরুপ, গণিত পরীক্ষায় ক্যালকুলেটর ব্যবহারের অনুমোদন একটি অগ্রহণযোগ্য বিশেষ সুবিধা, যেহেতু এটি যে দক্ষতা বিষয়ে পরীক্ষা নেয়া হচ্ছে তা ব্যাহত করে। একইভাবে, রিডিং কম্প্রিহেনশন পরীক্ষায় বইয়ের সংক্ষিপ্ত অংশ শব্দ করে পড়া পরীক্ষায় অন্তর্ভুক্তিকরণ অনুমোদন যোগ্য নয়। যদিও, শিক্ষার্থীর একটি ভিন্ন স্থানে পরীক্ষা দেওয়া অনুমোদনযোগ্য।

- জরুরি পরিস্থিতিতে পরীক্ষায় বিশেষ সুবিধা

জরুরি পরিস্থিতিতে, যেমন স্টেট অথবা সিটিওয়াইড পরীক্ষার ৩০ দিন পূর্বে যদি কোন আঘাতপ্রাপ্তি ঘটে অথবা প্রতিবন্ধিতা নির্ণিত হয়, প্রিন্সিপ্যালগণ স্টেটের পরীক্ষার নির্দেশগ্রন্থে উল্লিখিত বিধিনিষেধ এবং সীমবদ্ধতা অনুযায়ী শিক্ষার্থীর অস্থায়ী প্রতিবন্ধিতার জন্য জরুরি পরিস্থিতির পরীক্ষায় বিশেষ সুবিধা প্রদানের কথা বিবেচনা করতে পারেন।
এই সব ক্ষেত্রে, যখন §৫০৪ বিশেষ সুবিধা পরিকল্পনা তৈরির জন্য পর্যাপ্ত সময় থাকে না, প্রিন্সিপ্যালগণ কিছু নির্দিষ্ট বিশেষ সুবিধা অনুমোদন করতে পারেন যা শিক্ষার্থীর যেদক্ষতাসমূহ পরীক্ষা করা হচ্ছে তার উপর উল্লেখযোগ্য প্রভাব না ফেলে। যদিও, এধরনের বিশেষ সুবিধাসমূহ নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট এবং ডিওই-র ডিভিশন অব অ্যাসেসমেন্ট অ্যান্ড অ্যাকাউন্টিবিলিটি কর্তৃক অনুমোদিত বিশেষ সুবিধার মধ্যে সীমাবদ্ধ। অনুমোদনযোগ্য বিশেষ সুবিধা নির্ধারণ করতে প্রিন্সিপ্যালগণ ডিভিশন অব অ্যাসেসমেন্ট অ্যান্ড অ্যাকাউন্টিবিলিটির সাথে পরামর্শ করতে পারেন। জরুরি পরিস্থিতিতে পরীক্ষায় বিশেষ সুবিধা প্রদানের লক্ষ্যে বিশেষ শিক্ষার শিক্ষার্থীদের বিবেচনা সাধারণ শিক্ষার্থীদের মতই হবে।

সকল প্রদত্ত জরুরি পরিস্থিতির বিশেষ সুবিধার রেকর্ড প্রিন্সিপ্যালকে অবশ্যই সংরক্ষণ করতে হবে এবং পরীক্ষায় বিশেষ সুবিধার প্রতিটি জরুরি অনুমোদন সম্পর্কিত বিস্তারিত রিপোর্ট অফিস অব স্টেট অ্যাসেসমেন্ট-এ পাঠাতে হবে:

Director of State Assessment
State Education Department
Room 775 EBA
Albany, NY 12234
ফোন নম্বর: 518-474-8220
ফ্যাক্স নং: 518-486-5765

জরুরি পরিস্থিতিতে পরীক্ষায় বিশেষ সুবিধাপ্রাপ্ত প্রত্যেক শিক্ষার্থীর জন্য, প্রিন্সিপ্যাল সুবিধা অনুমোদিত হবার দুই স্কুল দিবসের মধ্যে অবশ্যই, শিক্ষার্থীকে §৫০৪ বিশেষ সুবিধার চাহিদা মূল্যায়নের জন্য স্কুল-ভিত্তিক §৫০৪ কোঅর্ডিনেটর অথবা যথাযথ কমিটি অন স্পেশাল এডুকেশনের কাছে পাঠাবেন যা প্রতিবন্ধী শিক্ষার্থীদের শিক্ষা আইনের সাথে সম্পৃক্ত। স্কুল-ভিত্তিক §৫০৪ কোঅর্ডিনেটরের কাছে প্রদত্ত কোন রেফারাল স্কুল কর্মীর অনুরোধ হিশেবে বিবেচিত হবে যেমনটি উপরের সেকশন III-তে আলোচিত হয়েছে।

2. <u>পরিবহনের বিশেষ সুবিধাসমূহ</u>

স্কুল যাতায়াতে শিক্ষার্থীর পরিবহন সম্পর্কিত যেকোন বিশেষ সুবিধার অনুরোধ অবশ্যই §৫০৪ কমিটি সভার আগে §৫০৪ কমিটি কর্তৃক অফিস অব পিউপিল ট্রান্সপোর্টেশনের (ওপিটি) কাছে পাঠাতে হবে। অফিস অব পিউপিল ট্রান্সপোর্টেশনের সংগৃহীত তথ্য §৫০৪ কমিটির পর্যালোচনা প্রক্রিয়ায় এবং যেকোন §৫০৪ বিশেষ সুবিধা পরিকল্পনা তৈরিতে বিবেচিত হবে।

স্কুলের জন্য ৩০-দিনের সময়রেখা মনে রেখে, স্কুল থেকে অনুরোধ পাবার পর ওপিটি পরিবহন সংক্রান্ত অনুরোধে সাড়া দেবে। §৫০৪ কমিটি সভার আগে ওপিটি তাদের লিখিত তথ্য স্কুলে অগ্রীম পাঠাবে।

পিতামাতার কাছ থেকে ওপিটি যদি সরাসরি অনুরোধ পায়, ওপিটি অনুরোধের কপি স্কুলে পাঠাবে। পরিবহনের বিশেষ সুবিধাসমূহ অবশ্যই §৫০৪ টিম কর্তৃক নির্ধারিত হবে।

3. <u>বিশেষ পরিষেবা</u>

স্বাস্থ্য-সংক্রান্ত বিশেষ সুবিধার অনুরোধ অবশ্যই যথাযথ ফরম ব্যবহার করে করতে হবে যা নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশনের ওয়েবসাইটের মাধ্যমে পাওয়া যাবে।

বিশেষ পরিষেবা: বিশেষ পরিষেবা: যদি কোন শিক্ষার্থীর বিশেষ পরিষেবার চাহিদা থাকে, যেমন কোন বাধাহীন বিল্ডিং, সহায়ক মেশিনপত্র, এলিভেটর ব্যবহার, অথবা পরীক্ষায় বিশেষ সুবিধা ইত্যাদি, তাহলে রিকোয়েস্ট ফর সেকশন ৫০৪ অ্যাকমোডেশন ফরম ব্যবহার করতে হবে। যদি পিতামাতা সম্পর্কিত পরিষেবার অনুরোধ জানায় যেমন পেশাগত, শারীরিক, অথবা স্পিচ/ভাষা থেরাপি ইত্যাদি, তাহলে এই ফরম ব্যবহার করা যাবে না। রিলেটেড সার্ভিস সম্পর্কিত পরিষেবার অনুরোধ অবশ্যই বিশেষ শিক্ষা প্রক্রিয়ার মাধ্যমে জানাতে হবে।

4. স্বাস্থ্য-সংক্রান্ত বিশেষ সুবিধা

রিকোয়েস্ট ফর সেকশন ৫০৪ অ্যাকমোডেশন ফরম ছাড়াও, স্বাস্থ্য-সংক্রান্ত বিশেষ সুবিধার যদি প্রয়োজন হয় এবং/অথবা তা বিবেচনাধীন থাকে, তাহলে বাড়তি নথিপত্র পূরণ করতে হবে।

- *চিকিৎসার পরামর্শ সংক্রান্ত ব্যবস্থা (বিনা ওষুধে):* যখন বিশেষ প্রক্রিয়ার জন্য অনুরোধ করা হয়, তখন এই ফরম পূরণ করতে হয় যেমন মূত্রাশয় প্রতিবন্ধিতা দূরীকরণ, শোয়ার ভঙ্গি পরিবর্তন করে শ্বাসকষ্ট দূরীকরণ, শ্বাসনালী নিষ্কাষণ, টিউবের মাধ্যমে খাবার প্রদান ইত্যাদি। সকল দক্ষ নার্সিং চিকিৎসার জন্য এই ফরমটি ব্যবহার করা যাবে।
- *গ্লুকোজ তত্ত্বধান ফরম:* সকল শিক্ষার্থী যাদের ডায়াবিটিস রোগ আছে তারা পূরণ
- *ইনসুলিন পাম্প ফরম*: শুধুমাত্র যেসকল শিক্ষার্থী ইনসুলিন পাম্প ব্যবহার করে তারা পূরণ করবে। পাম্প অকার্যকর হলে ব্যাক-আপ হিশেবে যাতে সিরিঞ্জ পাওয়া যায় সেজন্যে মেডিকেল অ্যাডমিনিস্ট্রেশন ফরমও (এমএএফ) পূরণ করতে হবে।

যদি কোন শিক্ষার্থীর শুধুমাত্র ওষুধ নেবার প্রয়োজন হয়, সেক্ষেত্রে একটি মেডিকেল অ্যাডমিনিস্ট্রেশন ফরম (এমএএফ) পূরণ করতে হবে, কিন্তু §৫০৪ পরিকল্পনার প্রয়োজন নাও হতে পারে। যদি অন্য বিশেষ সুবিধার চাহিদা থাকে, §৫০৪ পরিকল্পনা বিবেচনা করতে হবে। প্রত্যেকটি পরিস্থিতি পৃথক পৃথকভাবে বিবেচিত হবে। বিশেষ সুবিধার জন্য স্কুলের বাইরের কোন সহায়-সংস্থানের প্রয়োজন পড়লে নেটওয়ার্ক স্বাস্থ্য লিঁয়াজোর সাথে পরামর্শ করা যেতে পারে।

C. অবহিতকরণ ও সম্মতিপ্রদান

একবার নির্ধারিত হয়ে গেলে, স্কুল-ভিত্তিক §৫০৪ কোঅর্ডিনেটর §৫০৪ বিশেষ সুবিধার জন্য শিক্ষার্থীর যোগ্যতা সম্পর্কে শিক্ষার্থীর পিতামাতাকে লিখিতভাবে §৫০৪ টিম-এর সিদ্ধান্তটি জানাবেন। এই প্রবিধানের সেকশন VII (বিধি সংক্রান্ত যথাযথ প্রক্রিয়া) অনুযায়ী, §৫০৪ টিম কর্তৃক গৃহীত যেকোন সিদ্ধান্ত চ্যালেঞ্জে পিতামাতার অধিকারের বিবরণ এই বিজ্ঞপ্তিটিতে অন্তর্ভুক্ত থাকবে। ডিওই-র ওয়েবসাইটে লিখিত বিজ্ঞপ্তির কপি পাওয়া যাবে।

পিতামাতার সম্মতি ব্যতীত কোন বিশেষ সুবিধার পরিকল্পনা বাস্তবায়িত হয় না। অনুমোদন এবং স্বাক্ষরের জন্য স্কুল-ভিত্তিক §৫০৪ কোঅর্ডিনেটর পিতামাতাকে §৫০৪ পরিকল্পনার দুটি কপি প্রদান করবেন অনুমোদন ও স্বাক্ষরদানের জন্য।

পিতামাতা তার স্বাক্ষরসহ পরিকল্পনার একটি কপি স্কুল-ভিত্তিক §৫০৪ কোঅর্ডিনেটরের কাছে ফেরত পাঠাবেন এবং অন্য কপিটি তার রেকর্ড রাখার জন্য সংরক্ষণ করবেন। বর্তমান স্কুল বছরের শেষ নাগাদ পিতামাতার সম্মতি বৈধ থাকবে যদি না পিতামাতা স্কুল-ভিত্তিক §৫০৪ কোঅর্ডিনেটরকে জানায় যে সে আর বিশেষ সুবিধা বিষয়ের ব্যবস্থাসমূহের সাথে একমত নয়।

D. স্কুল বছর চলাকালে ডিওই স্কুলসমুহের মধ্যে বদলি

1. স্কুল বছর চলাকালে যদি কোন শিক্ষার্থী ডিওই স্কুলগুলোর একটি থেকে আরেকটিতে বদলি হয়, শিক্ষার্থী যে স্কুল থেকে যাচ্ছে সেই স্কুলটি §৫০৪ পরিকল্পনা শিক্ষার্থীর রেকর্ডের অন্তর্ভুক্ত করে গ্রাহক স্কুলে পাঠাবে। গ্রাহক স্কুলকে অবিলম্বে বর্তমান অ্যাকাডেমিক বছরের জন্য দ্রুত §৫০৪ পরিকল্পনা বাস্তবায়ন করতে হবে।
2. গ্রাহক স্কুলের যদি বিদ্যমান পরিকল্পনাটির দ্রুত বাস্তবায়ন সম্ভব না হয়, গ্রাহক স্কুলের §৫০৪ কোঅর্ডিনেটর অবশ্যই কোন্ তারিখ থেকে শিক্ষার্থীকে বিশেষ সুবিধা প্রদান করা সম্ভব হবে, শিক্ষার্থীর পিতামাতাকে লিখিতভাবে জানাবেন।
3. যদি গ্রাহক স্কুলের শিক্ষার্থীর §৫০৪ পরিকল্পনা পর্যালোচনা চাইবার যৌক্তিক ভিত্তি থাকে, স্কুল-ভিত্তিক §৫০৪ কোঅর্ডিনেটরকে:

a. শিক্ষার্থীর পিতামাতাকে জানাবেন যে, গ্রহণকারী স্কুল §৫০৪ পরিকল্পনায় উল্লিখিত বিশেষ সুবিধা প্রদান করবে না, এবং তাদের এই সিদ্ধান্তের কারণ ব্যাখ্যা করবেন; এবং

b. এই প্রবিধানের সাথে শিক্ষার্থীর সামঞ্জস্য মূল্যায়ন, এবং প্রয়োজনবোধে, একটি উপযুক্ত §৫০৪ পরিকল্পনা তৈরির জন্য §৫০৪ টিম সভা আহ্বান করবেন।

E. বার্ষিক পর্যালোচনা

1. পরবর্তী স্কুল বছরের জন্য যেসকল শিক্ষার্থী স্কুলে পড়াশুনা অব্যাহত রাখবে তাদের স্কুল বছর শেষ হবার আগেই বার্ষিক ভিত্তিতে স্কুল-ভিত্তিক §৫০৪ কোঅর্ডিনেটর স্কুল স্তরে বিশেষ সুবিধার পরিকল্পনাসমূহ অবশ্যই পর্যালোচনা করবেন।

2. পূর্বের স্কুল বছরে যেসকল শিক্ষার্থীর §৫০৪ বিশেষ সুবিধা পরিকল্পনা ছিল তাদের পিতামাতাকে স্কুল-ভিত্তিক §৫০৪ কোঅর্ডিনেটর আসছে স্কুল বছরে অনুরোধের ফরম পাঠাবেন।

3. যদি প্রতিবন্ধিতা মূলত কোন চিকিৎসক কর্তৃক নির্ণিত হয় বা প্রতিবন্ধিতার জন্য নিয়মিত স্বাস্থ্য পরিষেবার প্রয়োজন থাকে, চিকিৎসকের কাছ থেকে অবশ্যই শিক্ষার্থীর জন্য বিশেষ সুবিধার চাহিদার নির্দেশনাসহ একটি বার্ষিক নোট থাকতে হবে।

4. যদি শিক্ষার্থীর §৫০৪ পরিকল্পনায় কোন পরিবর্তনের প্রয়োজন না থাকে, পিতামাতা ফরমটি অবশ্যই স্বাক্ষর করবেন এবং স্কুল-ভিত্তিক কোঅর্ডিনেটরের কাছে ফেরত পাঠাবেন এবং কোঅর্ডিনেটর পরিকল্পনাটি বাস্তবায়ন নিশ্চিত করতে সকল দায়িত্বশীল কর্মকর্তার কাছে তা বিতরণ করবেন।

5. §৫০৪ পরিকল্পনায় পরিবর্তন প্রয়োজন আছে বলে যদি পিতামাতা প্রমাণ করতে পারেন, অথবা §৫০৪ পরিকল্পনা কার্যকর করার ক্ষেত্রে কোন সমস্যা রয়েছে বলে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিবর্গ মনে করেন, বা তারা যদি পরিকল্পনা সংশোধনের অনুরোধ জানান, §৫০৪ পরিকল্পনা সংশোধনের জন্য অবশ্যই একটি পূর্ণ দলীয় সভা আহ্বান করা হবে।

6. যখন কোন শিক্ষার্থী একটি নতুন স্কুলে যোগদান করে শিক্ষার্থীর §৫০৪ পরিকল্পনা পর্যালোচনার জন্য একটি পূর্ণ দলীয় সভা আহ্বান করা হয়।

F. অন্য কোন স্কুল ডিস্ট্রিক্ট অথবা প্রাইভেট বা চার্টার স্কুল থেকে বদলি

নিউ ইয়র্ক সিটি স্কুলসমূহ স্বতোপ্রণোদিতভাবে কোন বিশেষ সুবিধার পরিকল্পনা বাস্তবায়নে অথবা কোন §৫০৪ পরিকল্পনা যা ডিওই স্কুল কর্তৃক তৈরি হয় নাই, তা প্রদান করতে বাধ্য নয়। যেসকল শিক্ষার্থী স্কুল বছরে অন্য স্কুল ডিস্ট্রিক্ট অথবা প্রাইভেট বা চার্টার স্কুল থেকে বদলি হয় এবং যারা অন্য কোথাও তৈরি বিশেষ সুবিধার পরিকল্পনা উপস্থাপন করে অথবা §৫০৪ বিশেষ সুবিধার অনুরোধ জানায় তাদের এই প্রবিধানে বর্ণিত প্রক্রিয়া এবং পদ্ধতি অনুযায়ী ভর্তি হওয়ার ৩০স্কুল দিবসের মধ্যে স্কুল-ভিত্তিক §৫০৪ টিম মূল্যায়ন করবে। যদি শিক্ষার্থীর অন্য স্কুল ডিস্ট্রিক্ট অথবা প্রাইভেট অথবা চার্টার স্কুল থেকে §৫০৪ পরিকল্পনা থাকে, ঐ পরিকল্পনা যতটা সম্ভব কার্যকর করা হবে যে পর্যন্ত না এই প্রবিধান অনুযায়ী §৫০৪ ডিওই টিম কর্তৃক শিক্ষার্থীকে মূল্যায়ন করা হয়।

G. সিএসই-র কাছে বাধ্যতামূলক সুপারিশ

§৫০৪ বিশেষ সুবিধার জন্য সুপারিশকৃত কিছু শিক্ষার্থীর বিশেষ শিক্ষা পরিষেবার চাহিদা থাকতে পারে। এই রকম পরিস্থিতিতে, §৫০৪ টিম শিক্ষার্থীকে মূল্যায়নের জন্য যথাযথ কমিটি অন স্পেশাল এডুকেশনের (সিএসই) কাছে পাঠাবে। একজন শিক্ষার্থীর বিশেষ শিক্ষা পরিষেবার চাহিদা থাকতে পারে যদি সে ইনডিভিজুয়্যাল উইদ ডিসঅ্যাবিলিটি এডুকেশন (আইডিইএ) আইনের সংজ্ঞা অনুযায়ী প্রতিবন্ধী শিক্ষার্থী হয় যা শিক্ষার্থীর শিক্ষণ ক্ষমতাকে ব্যাহত করে।

ইনডিভিজুয়্যাল উইদ ডিসঅ্যাবিলিটি এডুকেশন আইনের অধীনে কোন শিক্ষার্থীর যদি আইইপি থাকে এবং তার যদি সেকশন §৫০৪-এর অধীনে বিশেষ সুবিধার চাহিদা আছে বলে মনে হয়, বিষয়টি একটি আইইপি টিম পুনঃ আহ্বান করা এবং অনুরোধটি বিবেচনার জন্য সিএসই-র কাছে পাঠাতে হবে।

VI. রেকর্ড রাখা

A. শিক্ষার্থীর সঞ্চিত রেকর্ডের প্রত্যেক শিক্ষার্থীর প্রতি অ্যাকাডেমিক বছরের §৫০৪ পরিকল্পনার কপি অবশ্যই সাথে সংরক্ষিত হবে, যাতে শিক্ষার্থী স্কুল পরিবর্তন করলে তার সাথে তা বদলি করা যায়। শিক্ষার্থী যেকোন নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলে ভর্তি হলে এই কপিটিও তার সাথে যাবে।

B. §৫০৪ বিশেষ সুবিধার প্রতিটি লিখিত অনুরোধ যাতে এটিএস-এ সংরক্ষিত থাকে স্কুলগুলো তা নিশ্চিত করবে। এর অন্তর্ভুক্ত সকল লিখিত অনুরোধ, শুধুমাত্র যেগুলো চূড়ান্তভাবে বিশেষ সুবিধার যোগ্য সেগুলো নয়। এই প্রক্রিয়ায় স্কুলগুলো নেটওয়ার্ক স্বাস্থ্য লিঁয়াজো কর্তৃক সহায়তা প্রাপ্ত হতে পারে। যেসকল তথ্য রেকর্ডে রাখা হয় তার মধ্যে, ন্যূনতম যা থাকতে পারে তা হলো:

- অনুরোধের তারিখ; এবং
- §৫০৪ টিম কর্তৃক শিক্ষার্থী প্রতিবন্ধী শিক্ষার্থী হিশেবে বিবেচিত হয়েছে কিনা।

C. সকল §৫০৪ অনুরোধ এবং পরিকল্পনা নেটওয়ার্ক হেলথ লিঁয়াজোর কাছে পাঠাতে হবে।

VII. নোটিশ এবং পর্যালোচনার প্রক্রিয়াসমূহ

A. বিজ্ঞপ্তি

1. স্কুল-ভিত্তিক §৫০৪ কোঅর্ডিনেটর এই প্রবিধানে ধারণকৃত ডিওই-র §৫০৪ নীতি এবং প্রক্রিয়াসমূহের লিখিত বিজ্ঞপ্তি পিতামাতাদেরকে প্রদান করবে: (১) প্রতিবছর; (২) স্কুলের ভর্তি হবার পর; এবং (৩) অনুরোধক্রমে।

2. §৫০৪ টিমের সিদ্ধান্তের লিখিত বিজ্ঞপ্তি পিতামাতাদের কাছে প্রদান করা হবে।

B. প্রাসঙ্গিক রেকর্ড পরীক্ষার সুযোগ

চ্যান্সেলরের প্রবিধান A-৪20 অনুযায়ী §৫০৪ পরিকল্পনাসমূহের রেফারাল, মূল্যায়ন, উন্নয়ন, এবং বাস্তবায়ন সম্পর্কিত শিক্ষার্থীদের রেকর্ডসমূহ পরীক্ষার অধিকার পিতামাতার আছে।

C. অভিযোগসমূহ

1. পিতামাতাগণ §৫০৪ পরিকল্পনার রেফারাল, মূল্যায়ন, তৈরি এবং বাস্তবায়ন সম্পর্কিত অভিযোগসমূহ নিচে উল্লিখিত প্রক্রিয়ায় শুরু করতে পারেন:

   a. শিক্ষার্থীর স্কুল যে বরোতে অবস্থিত সেই বরোর নেটওয়ার্ক স্বাস্থ্য লিঁয়াজোকে স্কুল-ভিত্তিক §৫০৪ কোঅর্ডিনেটর অথবা স্কুল-ভিত্তিক §৫০৪ টিম কর্তৃক গৃহীত সিদ্ধান্তটি পর্যালোচনার অনুরোধ জানাতে। যে সিদ্ধান্তটি চ্যালেঞ্জ করা হবে, তা লিখিতভাবে পাবার দশ (১০) দিনের মধ্যে পিতামাতাকে এই ধরনের অনুরোধ লিখিতভাবে দায়ের করতে হবে। পর্যালোচনার জন্য এই ধরনের অনুরোধ পাবার পনেরো (১৫) দিনের মধ্যে, নেটওয়ার্ক স্বাস্থ্য লিঁয়াজো একটি লিখিত সিদ্ধান্ত ইস্যু করতে; অথবা

   b. যদি পিতামাতা মনে করেন বৈষম্য শিক্ষার্থী প্রতিবন্ধিতার ভিত্তিতে ঘটেছে, তাহলে চ্যান্সেলরের প্রবিধান অ-৮৩০ অনুযায়ী ডিওই-র অফিস অব ইকুয়্যাল অপরচুনিটির কাছে অভিযোগ দায়ের করতে।

2. উপরে উল্লিখিত সেকশন VII.C.1.a বর্ণিত পর্যালোচনার অনুরোধের জবাবে কোন পরিপন্থি নির্ধারণ অথবা সিদ্ধান্তের সমাধান করতে পিতামাতা একটি পক্ষপাতহীন শুনানীর অনুরোধ জানাতে পারেন। এই ধরনের অনুরোধ নিচে উল্লিখিত ঠিকানায় অবশ্যই পিতামাতার লিখিত সিদ্ধান্ত পাবার দশ দিনের মধ্যে করতে হবে: Impartial Hearing Office, New York City Department of Education, 131 Livingston Street, Room 201, Brooklyn, NY 11201. এই ধরনের শুনানীতে, নেটওয়ার্ক হেল্থ লিয়াজোঁর সিদ্ধান্তটি যে যথাযথ হয়নি তা প্রমাণের দায়িত্বটি পিতামাতাকেই বহন করতে হবে।

VIII. **<u>তদন্ত</u>**

স্কুল-ভিত্তিক §৫০৪ বিশেষ সুবিধা সম্পর্কিত কোন তদন্ত স্কুল-ভিত্তিক §৫০৪ কোঅর্ডিনেটরকে জানাতে হবে।

এই প্রবিধান সম্পর্কিত সকল তদন্ত সেন্ট্রাল §৫০৪ কোঅর্ডিনেটরকে জানাতে হবে:

ফোন:	*Ava Mopper, Central §504 Coordinator* অফিস অব স্কুল হেলথ N.Y.C. Department of Education 28-11 Queens Plaza North L.I.C., NY 11101	ফ্যাক্স:
718-391-8116		718-391-8128

সংযুক্তি A

A. প্রতিবন্ধিতাযুক্ত ব্যক্তি

1. সাধারণ সংজ্ঞা

প্রতিবন্ধী ব্যক্তি বলতে এমন ব্যক্তিকে বোঝায় যার: (a) শারীরিক অথবা মানসিক বৈকল্য আছে যা তার এক বা একাধিক প্রধান জীবন কর্মকাণ্ডকে ব্যাহত করে; (b) এরকম বৈকল্যের রেকর্ড আছে; অথবা (c) এধরনের বৈকল্য আছে বলে ধরা হয়।

2. আরও বিশদভাবে সংজ্ঞায়িত বাক্যাংশ

- ৩৪ সি.এফ. আর ১০৪.৩(ল)(২)(র) অনুযায়ী *শারীরিক অথবা মানসিক বৈকল্য*-এর সংজ্ঞা দেয়া হয়েছে যেকোন শরীর-সংক্রান্ত বৈকল্য অথবা অবস্থা, শরীরিক বিকৃতি, অথবা দেহের-গঠনে কোন ত্রুটি যা নিচে উল্লিখিত এক বা একাধিক শারীরিক পদ্ধতিকে ব্যাহত করে: স্নায়ু-সংক্রান্ত; মাংসপেশি এবং হাড় সম্পর্কিত; বিশেষ ইন্দ্রিয়ের অঙ্গপ্রত্যঙ্গ; কথা-বলার অঙ্গসহ শ্বাসজনিত অঙ্গ; হৃদপি- সংক্রান্ত; প্রজনন বিষয়ক; হজম সংক্রান্ত; যৌনাঙ্গ-মূত্রনালী সংক্রান্ত;; রক্ত এবং লসিকারস সংক্রান্ত; চর্ম বিষয়ক; এবং এন্ডোক্রাইন; অথবা যেকোন মানসিক অথবা মনস্তাত্বিক বৈকল্য, যেমন মানসিক মন্দাজনিত, অর্গানিক ব্রেইন সিনড্রোম, আবেগজনিত অথবা মানসিক রোগ, এবং নির্দিষ্ট শিক্ষণ প্রতিবন্ধিতা। এই রকম তালিকার সামগ্রিকতা নিশ্চিতকরণে সমস্যা থাকার কারণে শারীরিক অথবা মানসিক বৈকল্য ধরা হতে পারে, প্রবিধানে এমন নির্দিষ্ট রোগসমূহ এবং অবস্থার পূর্ণাঙ্গ তালিকা দেয়া নাই।
- *প্রধান জীবন-চালানোর কর্মকাণ্ড*-এর অন্তর্ভুক্ত নিজের যত্ন নিজে নেবার যোগ্যতা, শারীরিক কাজকর্ম, হাঁটার ক্ষমতা, দৃষ্টি শক্তি, শ্রুতিশক্তি, কথা বলার ক্ষমতা, শ্বাসগ্রহণ ক্ষমতা, শিক্ষণ এবং কাজ করার ক্ষমতা। এটি পূণাঙ্গ তালিকা নয়। এই তালিকাটি চূড়ান্ত নয়।
- *উল্লেখযোগ্য সীমাবদ্ধতা* বলতে বোঝায় এমন বৈকল্য যা তার জীবনযাত্রাকে ব্যাহত করে। এর মধ্যে ঐসকল বৈকল্য অন্তর্ভূক্ত নয় যা শুধু তার কোন প্রধান জীবন চলার কর্মকা-কে সামান্যভাবে ব্যাহত করে। বৈকল্য অবশ্যই স্থায়ী অথবা দীর্ঘমেয়দি হতে হবে। কোন উল্লেখযোগ্য বৈকল্য একজন ব্যক্তির প্রধান জীবন চলার কর্মকাণ্ড সম্পাদনাকে বাধাগ্রস্ত অথবা গুরুতরভাবে ব্যাহত করে।
- *কর্মসূচি অথবা কর্মকাণ্ড* বলতে বোঝায় ডিওই কর্তৃক আয়োজিত অথবা অর্থায়নকৃত যেকোন কর্মসূচি।
- *যোগ্য প্রতিবন্ধী শিক্ষার্থী* বলতে এমন শিক্ষার্থীকে বোঝায় যে: এমন এক বয়সের যেবয়সে অপ্রতিবন্ধী শিক্ষার্থীরা এলিমেন্টারি এবং মাধ্যমিক শিক্ষা পরিষেবা লাভ করে; এমন বয়সের যখন স্টেটের আইন অনুযায়ী তারা অপ্রতিবন্ধী হলে এলিমেন্টারি এবং মাধ্যমিক শিক্ষা পরিষেবা প্রদান বাধ্যতামূলক; অথবা প্রতিবন্ধী শিক্ষার্থীকে স্টেট প্রতিবন্ধী শিক্ষা আইনের অধীনে (আইডিইএ) বিনা খরচে যথাযথ সরকারি শিক্ষা প্রদান করতে বাধ্য।